ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৩০

আগরতলা, ১০ জুন, ২০১৮

**জনসম্পর্ক : কিক বক্সার নিষ্ঠা চক্রবর্তীর**
**বাড়িতে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব**

জনসম্পর্ক অভিযান কর্মসূচির মাধ্যমে সমাজের বিশিষ্ট ব্যক্তিত্বদের সাথে যোগাযোগ সাধন ও তাঁদের কাছ থেকে বিভিন্ন মূল্যবান মতামত ও পরামর্শ গ্রহণের অঙ্গ হিসেবে আজ বিকেলে রাজ্যের বিশিষ্ট ক্রীড়াবিদ ও সম্প্রতি রাশিয়ায় অনুষ্ঠিত বিশ্ব কিক বক্সিং প্রতিযোগিতায় স্বর্ণপদক জয়ী নিষ্ঠা চক্রবর্তীর যোগেন্দ্রনগরস্থিত বাসভবনে যান মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সেখানে নিষ্ঠা চক্রবর্তী সহ পরিবারের অন্যান্য সদস্য-সদস্যা ও আত্মীয় পরিজনদের সাথে কথা বলেন তিনি। এই সময় নিষ্ঠা চক্রবর্তীর প্রশিক্ষক পিনাকী চক্রবর্তী, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রক্তণ উপাধ্যক্ষ অরুণোদয় সাহা, বিশিষ্ট সমাজ সেবী টিংকু রায় প্রমুখ উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রীকে নিজ বাসভবনে পুস্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানান নিষ্ঠা চক্রবর্তী। পরে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব জানান, জনসম্পর্ক অভিযান কর্মসূচির মাধ্যমে সমাজের বিশিষ্ট ব্যক্তিত্বদের সাথে যোগাযোগ সাধন ও তাঁদের কাছ থেকে মূল্যবান মতামত ও পরামর্শ গ্রহণই হল এর প্রধান লক্ষ্য। এই কর্মসূচির মাধ্যমে বিশিষ্ট ব্যক্তিত্বদের কাছ থেকে যে মতামত বা পরামর্শ লাভ করা যাবে তা সরকারের কাজের ক্ষেত্রে সহায়ক হবে। মুখ্যমন্ত্রী বলেন, জনসম্পর্ক অভিযান কর্মসূচির মধ্য দিয়ে জন সাধারণ ও সরকারের মধ্যে একটি সুষ্ঠু সমন্বয় গড়ে উঠবে। এই কর্মসূচির মাধ্যমে বিশিষ্ট ব্যক্তিত্বদের বাড়ি গিয়ে তাঁদের সাথে ও তাঁদের পরিবারের লোকজনদের সাথে যোগাযোগ সাধনের মাধ্যমে হৃদ্যতার সম্পর্ক গড়ে উঠবে। এর ফলে তাঁদের পরিবারের লোকজনদের মধ্যেও গড়ে উঠবে আত্মবিশ্বাস। মুখ্যমন্ত্রী আরও বলেন, সম্প্রতি আমাদের দেশের রাষ্ট্রপতি রাজ্য সফরকালে রাজ্যের বিশিষ্ট ক্রীড়াবিদরা তাঁর সাথে সাক্ষাৎ করেন এবং তিনি তাঁদের সকলের ভূয়সী প্রশংসা করেন। তিনি সবাইকে আশীর্বাদ করেছেন। তাঁদের এই প্রতিভাকে এগিয়ে নিয়ে যাবার দিশাতেই আমরা কাজ করছি। সাক্ষাৎকার কালে মুখ্যমন্ত্রী নিষ্ঠা চক্রবর্তীর সাথে বেশ কিছুক্ষণ কথাবার্তা বলেন। নিষ্ঠা চক্রবর্তী কিক বক্সিং এর পাশাপাশি কবিতা ও অন্যান্য বিষয়ে লেখালেখি করেন। মুখ্যমন্ত্রী তাকে ক্রীড়াক্ষেত্রে অন্যান্যদের উৎসাহিত করার কাজে অনুপ্রেরণামূলক বিষয়ে লেখারও পরামর্শ দেন। সাংবাদিকদের নিষ্ঠা চক্রবর্তী জানান, এই ধরণের জনসম্পর্ক কর্মসূচিতে মুখ্যমন্ত্রী তার বাসভবনে এসে তিনি এবং তার পরিবারের অন্যান্যদের সাথে কথাবার্তা বলেন ও বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। এটা একটা বিশাল প্রাপ্তি। ক্রীড়াক্ষেত্রে রাজ্য সরকার তাকে সব ধরণের সহযোগিতা করেছে যা তার এই সাফল্য অর্জনে সহায়ক হয়েছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

****